

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
জাতীয় জনসংখ্যা গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (নিপোর্ট)
১৩/১ শেখ সাহেব বাজার রোড, আজিমপুর, ঢাকা-১২০৫
www.niport.gov.bd

বিষয়: জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে নৈতিকতা কমিটির আগস্ট ২০২০ মাসের সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব সুশান্ত কুমার সাহা, মহাপরিচালক ও অতিরিক্ত সচিব, নিপোর্ট, ঢাকা।
সভার স্থান : নিপোর্টের সভাকক্ষ
সভার তারিখ ও সময় : ২৫.০৮.২০২০ খ্রি., বেলা ২:৩০ ঘটিকা

সভায় উপস্থিত সদস্যবৃন্দ:

১. জনাব নিমাই চন্দ্র পাল, পরিচালক (প্রশাসন) ও অতিরিক্ত সচিব, নিপোর্ট, ঢাকা।
২. জনাব মতিয়ার রহমান, পরিচালক (প্রশিক্ষণ) ও অতিরিক্ত সচিব, নিপোর্ট, ঢাকা।
৩. জনাব মো. রফিকুল ইসলাম সরকার, পরিচালক (গবেষণা) ও যুগ্মসচিব, নিপোর্ট, ঢাকা।
৪. জনাব মো. মিজানুর-রহমান উপপরিচালক (প্রশাসন) ও উপসচিব, নিপোর্ট, ঢাকা।
৫. জনাব মো. আব্দুল হামিদ মোড়ল, উপপরিচালক (প্রশিক্ষণ) নিপোর্ট, ঢাকা।
৬. জনাব মোহাম্মদ আহছানুল আলম, মূল্যায়ন বিশেষজ্ঞ, নিপোর্ট, ঢাকা।
৭. জনাব মোহা. মাহফুজুর রহমান, সহকারী পরিচালক (প্রশিক্ষক), নিপোর্ট।

(ক) আলোচনা:

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য-সচিব জনাব নিমাই চন্দ্র পাল গত ১৩.০৭.২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। উক্ত কার্যবিবরণীতে কোনরূপ সংশোধনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন বাস্তবায়ন অগ্রগতির বিভিন্ন দিকসমূহ ও মন্ত্রণালয়ের গত ২৮.০৭.২০২০ খ্রি. তারিখের নৈতিকতা কমিটির প্রথম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা অনুষ্ঠিত হয়। আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রম	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	প্রাতিষ্ঠানিক ব্যবস্থা	নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভার আয়োজনসহ গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। সকল ইউনিট থেকে উত্তম চর্চার তালিকা সংগ্রহ করে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	করোনাকালে স্বাস্থ্যবিধি মেনে নির্ধারিত সময়ে নৈতিকতা কমিটির সভার আয়োজনসহ গৃহীত সিদ্ধান্ত সমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। ৩০.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে উত্তম চর্চার তালিকা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)
২	দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন	অংশীজনদের নিয়ে সভাসহ সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা কর্মচারীদের প্রশিক্ষণের আয়োজনের ব্যবস্থা রাখা হয়েছে বলে সভায় জানানো হয়।	শুদ্ধাচার বিষয়ে নিপোর্টের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। উপপরিচালক (প্রশাসন)সকল সহায়তা প্রদান করবেন।	পরিচালক (প্রশিক্ষণ) ও উপপরিচালক (প্রশাসন)
৩	নিপোর্টের ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা অনুমোদন এবং ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন দিকসমূহের মূল্যায়ন সংক্রান্ত আলোচনা।	নিপোর্টের ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার অনুমোদিত কর্মপরিকল্পনাটি মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে বলে সভায় জানানো হয় এবং ২০১৯-২০২০ অর্থ বছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিভিন্ন দিকসমূহের মূল্যায়ন সংক্রান্ত আলোচনা করা হয়।	নিপোর্টের ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনা ভূতাপেক্ষ অনুমোদন করা হলো। প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুলিপি প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)

